গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
কচুয়া, বাগেরহাট।
www.dss.kachua.bagerhat.gov.bd

নম্বর- ৪১.০১.০১৩৮.০০০.০০০.০৬.০৪৮০.২৬-১৫৩

তারিখ: ৭ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
২২ জুলাই, ২০২৬ খ্রি.

## ফ্যামিলি কার্ড সংক্রান্ত সতর্কীকরণ গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের নিমিত্ত 'ফ্যামিলি কার্ড' প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করেছে। উক্ত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে অত্র উপজেলার ০৭ (সাত) টি ইউনিয়নের সকল ওয়ার্ডে আগামী ০১ আগস্ট হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত পরিবার জরিপ বা তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালিত হবে।

০২। কচুয়া উপজেলায় তথ্য সংগ্রহের জন্য নিয়োজিত Enumerator বা জরিপকারীগণ মাঠপর্যায়ে সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ যথাসময়ে আপনার গ্রামে/বাড়িতে পৌঁছে সরেজমিন পরিবার জরিপ কার্যক্রম পরিচালনা করবে।

০৩। সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত কার্যক্রম 'ফ্যামিলি কার্ড' একটি 'বিনামূল্য' সেবা অর্থাৎ নীতিমালা অনুযায়ী উপযুক্ত নারী পরিবার প্রধান কোন ফিস প্রদান ছাড়াই সম্পূর্ণ বিনামূল্যে সেবাটি পাবেন। ফলে কোন সঙ্ঘবদ্ধ প্রতারক চক্র বিবিধ আর্থিক প্রলোভন ও ফ্যামিলি কার্ড প্রাপ্তির নিশ্চয়তা প্রদানের মাধ্যমে অনৈতিক লেনদেন বা আর্থিক সুবিধা দাবী করলে সেটি সর্বৈবভাবে মিথ্যা ও প্রতারণা ছাড়া কিছু নয়। ফ্যামিলি কার্ড পেতে নাগরিকদের যেহেতু কোন ফিস প্রয়োজন হয় না সেহেতু উক্ত সেবা প্রাপ্তির লক্ষ্যে কোনো ধরনের অনৈতিক লেনদেনে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ কিংবা প্রতারিত হওয়ার সম্ভাবনা রয়েছে।

০৪। এমতাবস্থায়, 'ফ্যামিলি কার্ড' পেতে আগ্রহী নাগরিকবৃন্দকে সর্বপ্রকার প্ররোচনা-প্রলোভনে প্রভাবিত হয়ে অনৈতিক লেনদেন হতে বিরত থাকার আহবান জানানো যাচ্ছে, এবং একই সাথে এধরনের সঙ্ঘবদ্ধ প্রতারক চক্রকে আইন-প্রয়োগকারী সংস্থার নিকট সোপর্দ করার পরামর্শ প্রদান করা যাচ্ছে।

22.07.26

(শেখ হাসিবুর রহমান)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারি সংক্রান্ত উপজেলা কমিটি
কচুয়া, বাগেরহাট।
usso.kachua.bagerhat@dss.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
কচুয়া, বাগেরহাট।
www.dss.kachua.bagerhat.gov.bd

নম্বর- ৪১.০১.০১৩৮.০০০.০০০.০৬.০৪৮০.২৬-১৫৩

তারিখ: ৭ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
২২ জুলাই, ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:
১. মাননীয় জাতীয় সংসদ সদস্য- ৯৬, বাগেরহাট-২।
২. কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
৩. জেলা প্রশাসক, বাগেরহাট।
৪. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট।

CamScanner

৫. প্রশাসক, উপজেলা পরিষদ, কচুয়া, বাগেরহাট।
৬. উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, বাগেরহাট।
৭. সহকারী কমিশনার (ভূমি), কচুয়া, বাগেরহাট।
৮. অফিসার ইনচার্জ, কচুয়া থানা, কচুয়া, বাগেরহাট। [এ সংক্রান্ত অভিযোগ পেলে ত্বরিত আইনগত ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৯. জনাব ..........................সদস্য, ফ্যামিলি কার্ড শুমারি বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, কচুয়া, বাগেরহাট।
১০. উপজেলা.............................................কর্মকর্তা, কচুয়া, বাগেরহাট। [তাঁকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো]
১১. প্রশাসক/চেয়ারম্যান ------------------------------------ (সকল) ইউনিয়ন পরিষদ, কচুয়া, বাগেরহাট। [তাঁকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো]
১২. সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব/মফস্বল সাংবাদিক ফোরাম/সোসাইটি, কচুয়া, বাগেরহাট। [তাঁকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো]
১৩. জনাব -------------------------------------------------------------------------, কচুয়া, বাগেরহাট।
১৪. অফিস নথি।

22.02.26

(শেখ হাসিবুর রহমান)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারি সংক্রান্ত উপজেলা কমিটি
কচুয়া, বাগেরহাট।
usso.kachua.bagerhat@dss.gov.bd

CamScanner